# নাবিক

## নাসরীন তাহের



কৈশোর থেকে যৌবনে পা বাড়িয়ে দেখি,
কখন আমি হঠাৎ যেন বড় হয়ে গেছি।
একাডেমির ঐ ব্লক আর ইউনিফর্মের মাঝে
নাবিক হবার স্বপ্ন আমার জীবনকে যে সাজে।

একাডেমির ১৮ মাসের বিচিত্র অভিজ্ঞতা,
পড়াশোনা, শাস্তি পাওয়া, আরও কত কথা,
রাডার, কম্পাস, আড়িয়া, হাফিজ, নতুন শব্দর ভীড়ে
শিখতে শিখতে সময় কখন সমুদ্র মাঝেই ভেড়ে।

গ্যাংওয়ে দিয়ে হাঁটি হাঁটি পায়ে উঠেছি জাহাজে,
স্বপ্ন আমার সত্যি হবে আনন্দে মন নাচে।
সমুদ্রের সম্রাট আমি যাত্রা আমার গভীরে,
কখন নোঙর উঠবে সময় যায় না যেন গুনে!

বহুরূপী ঐ সাগরের মুখ
দেখা যে ছিল বাকি ---
উথাল-পাতাল ঢেউয়ের মাঝে
জীবনই যায় বুঝি!

একাকীত্বের জীবন মাঝে এল
সঙ্গিনী আর মেহমান।
সুখ-দুঃখের তালিকার ছকে
বাঁধা হল জীবন।



কিন্তু সে তো ক্ষনিকের হিসাব,
স্বপ্নের মাঝে বিচরণ,
স্বপ্ন ভেঙ্গে দেখি সমুদ্র
ডাকছে আমাকে অবিরাম।

একা হয়ে যাই আবার আমি,
দূরে চলে যায় আপন সবাই,
না বলা এক কষ্টের ব্যথা,
হারায় মনের কোন কোণায়।

বছরে বছরে একবার দেখি
সংসারেরই মুখ,
নিজের সংসারে অতিথী আমি
ফেটে যায় যে বুক!

সাগর মাঝে ঘর মনে পড়ে
ঘরে থাকলে সাগর ---
কি করে পাই একসাথে দুই-ই
সাগর ও আমার ঘর?

সিঙ্গাপুর এই ছোট্ট দ্বীপে
এসেছি আমি আজ,
আপন আমার সংসার নিয়ে
মন দিয়ে করি কাজ।

একাকী আজ লাগে না যে আর
শহরেই কাজ আমার ---
চাকরি, সংসার দুই-ই কাছে আছে
মুছে গেছে হাহাকার।